রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৩৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৫, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৫৩—৫৮২ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৯—৬০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১১৫—১১৬২ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৩৯—১১৭৮ | (৬) ..... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মে ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৬.২০০৮-২২৬**—রূপালী ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association-এর বিধান অনুযায়ী ড. মোঃ হাসিবুর রশীদ, প্রফেসর, Department of Management Information Systems (MIS), ঢাকা বিশ্ববিদ্যালয়-কে রূপালী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ জুন ২০১৩

**নং ৫৩.০০৫.০১১.০১.০০.০২১.২০০৯-১৮৬(ক)**—"The Insurance Corporation Act, 1973" এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে হোমল্যান্ড লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক জনাব ওয়াহিদুল ইসলাম চৌধুরী'কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে আগামী ০৮-০৬-২০১৩ তারিখ হতে ২ (দুই) বছরের জন্য পুনঃনিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**শেখ সিদ্দিকুর রহমান**
সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশ

তারিখ, ৫ মে ২০১৩

**নং আর-৬/৪ ডি-৩/২০১৩-১৮৪**—যেহেতু, জনাব মোঃ নূরুল হক মিয়া, সাব-রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত), শিবচর, জেলা মাদারীপুর এর বিরুদ্ধে **১৯৮৫** সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ৩/২০১৩ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ নূরুল হক মিয়া, সাব-রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত), শিবচর, জেলা মাদারীপুর উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন এবং এর প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে; এবং

সেহেতু, এক্ষণে অভিযোগের বিরুদ্ধে দাখিলী জবাব বিবেচনায় জনাব মোঃ নূরুল হক মিয়া, সাব-রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত), শিবচর, জেলা মাদারীপুর এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করাসহ তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে চাকুরীতে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

### আদেশাবলী

তারিখ, ৭ মে ২০১৩

**নং আর-৬/৭এন-২৫/২০১৩-২৫৬**—**১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (**১৯৬১** সালের **১৯** নং অধ্যাদেশ) এর **৩** ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব এ,এস,এম, আজাদুর রহমান, পিতা মরহুম জনাব মোঃ তাহের আলী চৌধুরীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) **১৯৬৪** সনের নোটারী বিধিমালার **১৯** নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২৬/২০১৩-২৫৭**—**১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (**১৯৬১** সালের **১৯** নং অধ্যাদেশ) এর **৩** ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ মুজিবুর রহমান, পিতা মরহুম হাজী জনাব মোঃ আরশাদ মিয়াকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হতে **৩** (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) **১৯৬৪** সনের নোটারী বিধিমালার **১৯** নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২১ মে ২০১৩

**নং আর-৬/৭এন-২৯/২০১৩-৩১৮**—**১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (**১৯৬১** সালের **১৯** নং অধ্যাদেশ) এর **৩** ধারার অর্পিত ক্ষমতাবলে নওগাঁ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুল মান্নান, পিতা মরহুম জনাব মোঃ ছবের আলী মন্ডলকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) **১৯৬৪** সনের নোটারী বিধিমালার **১৯** নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৩০/২০১৩-৩১৯**—**১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (**১৯৬১** সালের **১৯** নং অধ্যাদেশ) এর **৩** ধারার অর্পিত ক্ষমতাবলে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আজিজুর রহমান (আজিজ), পিতা মরহুম জনাব মোঃ আব্দুল কুদ্দুস বিশ্বাসকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) **১৯৬৪** সনের নোটারী বিধিমালার **১৯** নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২৯ মে ২০১৩

**নং আর-৬/৭এন-৩৫/২০১৩-৩২৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে খুলনা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব আবুল কালাম আজাদ, পিতা মরহুম জনাব আলী আহমেদ খানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ৬ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-১০৬/৭৮-৩১২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ শহিদুল ইসলাম, পিতা মোঃ নুরুল ইসলাম, গ্রাম ধুপতী, ডাকঘর সোনাখালী, উপজেলা মঠবাড়ীয়, জেলা পিরোজপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলার ৮নং আমড়াগাছিয়া ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৮ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-৫০/০৪-৩৩৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ আরজ আলী, পিতা মৃত মোঃ আব্দুল হক মোল্লা, গ্রাম চন্দ্রদিঘলিয়া, ডাকঘর চন্দ্রদিঘলিয়া, থানা ও জেলা গোপালগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গোপালগঞ্জ জেলার সদর উপজেলার ৪নং চন্দ্রদিঘলিয়া, ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৯ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-১১/২০১৩-৩৭০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব পংকজ কুমার গুপ্ত, পিতা সহিত সুকুমার রঞ্জন গুপ্ত, গুপ্ত বাড়ী, হাসপাতাল রোড, বরিশাল, ওয়ার্ড নং ১৯। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার সিটি কর্পোরেশনের ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৭, ও ২৮ ওয়ার্ড এলাকায় হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১২/২০১৩-৩৭১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব বিক্রমজিৎ দাশ গুপ্ত, পিতা প্রণব কুমার দাশ গুপ্ত, উজিরপুর উপজেলা, জেলা বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার উজিরপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১২/২০১৩-৩৭২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব বাদল কৃষ্ণ পাল, পিতা গৌরাঙ্গ চন্দ্র পাল, গ্রাম বদরপুর, পোঃ+উপজেলা মেহেন্দিগঞ্জ, জেলা বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২০ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-২৬/২০১২-৩৭৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ মতিউর রহমান, পিতা মৃত রুস্তম আলী, ওয়ার্ড নং ০৩, মহল্লা আজিমপুর, ডাকঘর সিংগাইর, উপজেলা সিংগাইর, জেলা মানিকগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার সিংগাইর পৌরসভার ১, ২ ও ৩ ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২১ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-১১/২০১৩-৩৮১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব অশোক কুমার ঠাকুর, পিতা নির্মল চন্দ্র ঠাকুর, প্রাণের পান, স্ব-রোড, (বর্মন রোডের মুখে), ৭নং ওয়ার্ড বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার সিটি কর্পোরেশনের "ক" অঞ্চল ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ২৯, ও ৩০ নং ওয়ার্ড এলাকায় হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ রবিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

---

## তথ্য মন্ত্রণালয়

### প্রেস-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৯ আষাঢ় ১৪২০/২৩ জুন ২০১৩

**নং ১৫.০০.০০০০.০২০.১৮.০০১.১১-২৪২**—'সাংবাদিক সহায়তা ভাতা/অনুদান নীতিমালা'-২০১২ এর আওতায় অসচ্ছল সাংবাদিকদের সহায়তা ভাতা/অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নে নীতি নির্ধারণ, দিক-নির্দেশনা ও অনুমোদনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ৬ জুন ২০১২ তারিখের ১৫.০০.০০০০.০২০.২২.০০১.১১-২২৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত 'জাতীয় কমিটি'-তে জনাব সাখাওয়াত হোসেন বাদশা, প্রাক্তন সভাপতি, ঢাকা রিপোর্টার্স ইউনিটি-এর পরিবর্তে বর্তমান সভাপতি, জনাব শাহেদ চৌধুরী এবং জনাব সাজ্জাদ আলম খান তপু, প্রাক্তন সাধারণ সম্পাদক, ঢাকা রিপোর্টার্স ইউনিটি-এর পরিবর্তে বর্তমান সাধারণ সম্পাদক, জনাব ইলিয়াস খান-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহেদুল হক**
সহকারী সচিব।

---

### চলচ্চিত্র শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১ জ্যৈষ্ঠ ১৪২০/১৫ মে ২০১৩

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০০৮.১২-৩৮৭**—স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে চলচ্চিত্র অনুদান কমিটির সর্বসম্মত সিদ্ধান্তের

ভিত্তিতে নির্বাচিত গল্প/কাহিনী/চিত্রনাট্য অবলম্বনে নিম্নের ছকে উল্লিখিত চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত প্রযোজককে ২০১২-২০১৩ অর্থ বছরে নিম্নেবর্ণিত শর্তে অনুদান প্রদান এবং গল্প লেখক ও চিত্রনাট্যকারকে উৎসাহ পুরস্কার প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে :

**সাধারণ শাখা :**

| ক্রমিক নং | চলচ্চিত্রের নাম | গল্প লেখক/চিত্রনাট্যকার | পরিচালকের নাম | প্রযোজকের নাম |
|---|---|---|---|---|
| (১) | কাগজের ফুল (The Paper Flower) | প্রয়াত তারেক মাসুদ | ক্যাথরিন মাসুদ | ক্যাথরিন মাসুদ |
| (২) | যৈবতী কন্যার মন | সেলিম আল দীন/বেগম নারগিস আক্তার | বেগম নারগিস আক্তার | বেগম নারগিস আক্তার |
| (৩) | রেইনকোট | জনাব জাহিদুর রহিম অঞ্জন | জনাব জাহিদুর রহিম অঞ্জন | জনাব জাহিদুর রহিম অঞ্জন |
| (৪) | খাঁচা | জনাব হাসান আজিজুল হক/খান শারাফুদ্দীন মোহাম্মদ আকরাম | খান শারাফুদ্দীন মোহাম্মদ আকরাম | খান শারাফুদ্দীন মোহাম্মদ আকরাম |
| (৫) | কাঁটা | জনাব শহীদুল জহির/জনাব টোকন ঠাকুর | জনাব টোকন ঠাকুর | জনাব টোকন ঠাকুর |
| (৬) | একাত্তরের মা জননী | জনাব আনিসুল হক/জনাব মোহাম্মদ শাহ আলম ভূঞা (কিরণ) | জনাব মোহাম্মদ শাহ আলম ভূঞা (কিরণ) | জনাব মোহাম্মদ শাহ আলম ভূঞা (কিরণ) |

**শিশুতোষ শাখা :**

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | একাত্তরের ক্ষুদিরাম | জনাব মান্নান হীরা | জনাব মান্নান হীরা | জনাব মান্নান হীরা |

**অনুদানের শর্তাবলি :**

(১) সরকারের পূর্বানুমতি ব্যতীত গল্প/চিত্রনাট্যের কোন পরিবর্তন করা যাবে না;

(২) অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অনুদানের প্রথম চেক প্রাপ্তির ৯(নয় ) মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। তবে বিশেষ অবস্থায় প্রেক্ষিতে স্ক্রীপ্টের প্রয়োজনে সরকার উক্ত সময় বৃদ্ধি করতে পারবে;

(৩) অনুদানে নির্মিত প্রতিটি ছবির প্রক্ষেপণ সময় (স্থিতি) ২ ঘন্টার বেশী না হওয়া বাঞ্ছনীয়। তবে বিশেষ প্রয়োজন সাপেক্ষে অনুদান কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে প্রক্ষেপণ সময়সীমা বৃদ্ধি করা যাইবে;

(৪) অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের ১ম কিস্তির ৩০% অর্থ প্রদান করা হবে। অনধিক ০৩ মাসের মধ্যে ছবির কমপক্ষে ৩০% ভাগ চিত্রায়নের পর অনুদান কমিটি কর্তৃক চিত্রায়িত অংশ সন্তোষজন বিবেচিত হলে অনুদানের দ্বিতীয় কিস্তিতে ৩৫ মি.মি. ফরম্যাটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব আরো ৫০% এবং ডিজিটাল ফরম্যাটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব আরো ৩০% অর্থ প্রদান করা হবে। তবে স্ক্রীপ্টের প্রয়োজনে বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে;

(৫) ৩৫ মি.মি. ফরম্যাটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সুপারিশ সাপেক্ষে অবশিষ্ট শতকরা ২০ ভাগ অর্থ প্রদান করা হবে এবং ডিজিটাল ফরম্যাটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষা পূর্বক ৩৫ মি: মি: ফরম্যাটে রূপান্তরের বিষয়টি নিশ্চিত হওয়ার পরে অবশিষ্ট শতকরা ৪০ ভাগ অর্থ প্রদান করা হবে;

(৬) অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবেন;

(৭) উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে এ চলচ্চিত্রের নির্মাণের সাথে জড়িত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে এবং প্রদত্ত অনুদানের অর্থ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

(৮) নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

(৯) অনুদান প্রদানের পরও সরকার যে কোন যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে;

(১০) অনুদান প্রাপ্ত চলচ্চিত্র সকল শিল্পী/কলাকুশলী বাংলাদেশী নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোন বিদেশী কলাকুশলীদের প্রয়োজন হয়, মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্তরূপ কলাকুশলীরা অংশগ্রহণ করতে পারবেন;

(১১) উপরের ছকে বর্ণিত প্রস্তাবিত চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক ৩৫.০০,০০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা অর্থ অনুদান পাবেন;

(১২) উক্ত আর্থিক অনুদান ছাড়াও চলচ্চিত্রের প্রযোজক চলচ্চিত্র নির্মাণের জন্য বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) থেকে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা মূল্যমানের সার্ভিস/সেবা বিনামূল্যে পাবেন, যা কোনক্রমেই নগদায়ন করা যাবে না;

(১৩) অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের গল্প/কাহিনী/চিত্রনাট্যের জন্য গল্প লেখক/চিত্রনাট্যকারগণ সমহারে ভাগ করে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা উৎসাহ পুরস্কার পাবেন;

(১৪) সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশী-বিদেশী চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত রেখে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করবে;

(১৫) অনুদানের অর্থ গ্রহণের পর অনুমোদিত সময়ের মধ্যে চলচ্চিত্র নির্মাণ না করা হলে প্রযোজককে সমুদয় অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে;

(১৬) কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধি জনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদারেন অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোন ধরণের কোনো সুবিধা দাবী করতে পারবেন না;

(১৭) নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

(১৮) সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্রের স্বত্ব কোনো ভাবেই হস্তান্তর করা যাবে না;

(১৯) প্রযোজককে চলচ্চিত্র অনুদান নীতিমালার বিধানাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(২০) ডিজিটাল ফরম্যাটে চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে ন্যূনত 2k রেজুলেশন নিশ্চিত করতে হবে; এবং

(২১) উপর্যুক্ত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করবেন এবং চলচ্চিত্রটি ডিজিটাল ফরম্যাটে নাকি ৩৫ মিঃ মিঃ ফরম্যাটে নির্মাণ করবেন তা লিখিতভাবে অবহিত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তরফদার মোঃ আক্তার জামীল**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ জ্যৈষ্ঠ ১৪২০/১৫ মে ২০১৩

**নং প্রম/অভিযোগ-১/২০১২/ডি-৪/২০১**—যেহেতু, জনাব সন্তোষ চন্দ্র মাতাব্বর, উপ-পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(এ) ও (বি) ধারামতে "অদক্ষতা" ও "অসদাচরণ"-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৬ ডিসেম্বর ২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

সেহেতু, এক্ষণে জনাব সন্তোষ চন্দ্র মাতাব্বর, উপ-পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৪(২)(বি) বিধি অনুযায়ী তাঁর ২ (দুই) টি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ২ (দুই) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার মোঃ আসাদুজ্জামান**
সচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**(বিদ্যুৎ বিভাগ)**
**বিদ্যুৎ লাইসেন্স বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ জুন ২০১৩

**নং ২৭.০১.০০০০.০০৪.০১.০০৭.০৮.১৭৯৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ লাইসেন্স বোর্ড কর্তৃক বৈদ্যুতিক কারিগরী পারমিট প্রদানের নিমিত্তে ১৭-০৬-২০১৩ হতে ১৯-০৬-২০১৩ তারিখ পর্যন্ত গৃহীত ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় নিম্নোক্ত ইলেকট্রিশিয়ানবৃন্দ তাঁদের নামের পাশে উল্লিখিত শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন ঃ

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | আবেদনের শ্রেণী | ফলাফল |
|---|---|---|---|
| ১২। | মোঃ হারুনার রশীদ, পিতা মৃত রফিকুল ইসলাম, গ্রাম গান্ধাইল, ডাকঘর গান্ধাইল, থানা কাজিপুর, জেলা সিরাজগঞ্জ। | খগ | গ |
| ১৩। | মোঃ মশিউর রহমান, পিতা মোঃ মাহতাব উদ্দিন, মতিয়া খালী , ৩য় লেন, শিপইয়ার্ড, খুলনা। | খগ | খগ |
| ১৭। | মোঃ আবু হাসান, পিতা মোঃ আতাব উদ্দিন, গ্রাম কাঞ্চন, ডাকঘর চান্দাশ, থানা মাহদেবপুর, জেলা নওগাঁ। | খগ | গ |
| ২০। | মোঃ আলী হোসাইন, পিতা মোঃ মাইন উদ্দিন, গ্রাম চৌড়াপাড়া, ডাকঘর ভুলেশ্বর, উপজেলা কাপাসিয়া, জেলা গাজীপুর। | খগ | খগ |
| ২২। | মোঃ একরামুল ইসলাম, পিতা মৃত আঃ জলিল সরকার, গ্রাম ও ডাকঘর খোকশাবাড়ী, থানা ও জেলা সিরাজগঞ্জ। | খগ | গ |
| ২৪। | মোঃ আকিমুল হক, পিতা মোঃ ফসিয়ার বিশ্বাস, গ্রাম বনখির্দা, ডাকঘর ৭ নং রায় গ্রাম, থানা কালীগঞ্জ, জেলা ঝিনাইদহ। | খগ | গ |
| ২৫। | মোঃ আবু মুসা, পিতা মোঃ এনামুল হক, গ্রাম সোনাকানিয়া, ডাকঘর পেড়িরহাট, থানা গাবতলী, জেলা বগুড়া। | খগ | গ |
| ২৭। | মোঃ বিপ্লব হোসেন উকিল, পিতা মোঃ আকছেদ আলী, গ্রাম সোনাইকুন্ডি, তাজপুর, ডাকঘর আল্লারদরগা, দৌলতপুর, কুষ্টিয়া। | খগ | খগ |
| ২৯। | মোঃ ফজলুল হক, পিতা মোঃ সুলতান আলী, গ্রাম ধর্মেশ্বর, ডাকঘর মীরবাগ, উপজেলা কাউনিয়া, জেলা রংপুর। | খগ | গ |
| ৩০। | মোঃ মনির হোসেন কাজী, পিতা মোঃ ফজলুল হক কাজী, গ্রাম মাসকাটা, ডাকঘর কাউনিয়া, থানা হিজলা, জেলা বরিশাল। | খগ | খগ |

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | আবেদনের শ্রেণী | ফলাফল |
|---|---|---|---|
| ৩১। | মোঃ মনিরুজ্জামান মজনু, পিতা মোঃ লোকমান হাকিম, গ্রাম উত্তর বিলাসপুর, ডাকঘর জয়দেবপুর, জেলা গাজীপুর। | খগ | গ |
| ৩২। | মোঃ হামিদুল ইসলাম, পিতা মোঃ খিজির আলী, গ্রাম নিলাক্ষিয়া, ডাকঘর নিলাক্ষিয়া বাজার, থানা বকসীগঞ্জ, জেলা জামালপুর। | খগ | গ |
| ৩৩। | মোঃ শাহিন মাহমুদ, পিতা মৃত আঃ সাত্তার, ই-৩৫, বরুন্দা, ডাকঘর ও থানা গাজীপুর সদর, জেলা গাজীপুর। | খগ | গ |
| ৩৫। | মোঃ রুবেল সর্দ্দার, পিতা মোঃ রহিম সর্দ্দার, গ্রাম নওদা তালবাড়ীয়া, ডাকঘর তালবাড়ীয়া, থানা মিরপুর, জেলা কুষ্টিয়া। | খগ | গ |
| ৩৬। | শ্রী মুন্না চৌধুরী, পিতা বাদল চৌধুরী, ১৪১/এস এস সাহা রোড, ডাকঘর বন্দর, থানা সোনাকান্দা, জেলা নারায়ণগঞ্জ। | খগ | গ |
| ৩৮। | মোঃ ফারুক, পিতা মোঃ রুহুল আমিন, গ্রাম চর মোহনা, ডাকঘর দক্ষিণ রায়পুর, উপজেলা রায়পুর, জেলা লক্ষীপুর। | খগ | খগ |
| ৩৯। | মোঃ রাশেদুজ্জামান, পিতা মোঃ নুর ইসলাম, গ্রাম চুনিয়াপাড়া, ডাকঘর দেওয়ানগঞ্জ, উপজেলা দেওয়ানগঞ্জ, জেলা জামালপুর। | খগ | গ |
| ৪২। | মোঃ শাহাবুল আলম, পিতা মৃত শাহাজান আলী, গ্রাম বেলগাছী, ডাকঘর ও থানা ও জেলা চুয়াডাঙ্গা। | খগ | খগ |
| ৪৩। | মোঃ আমিনুল, পিতা মোঃ মোতালেব প্রাং, গ্রাম হাটাইল, আড়ালিয়া, ডাকঘর নাকালিয়া, থানা বেড়া, জেলা পাবনা। | খগ | খগ |
| ৪৪। | মোঃ রিজন ভূইয়া, পিতা মোঃ আবুল কাশেম ভূইয়া, গ্রাম ও ডাকঘর গোপাল নগর, থানা ব্রাহ্মণপাড়া, জেলা কুমিল্লা। | খগ | গ |
| ৪৫। | মোঃ আবুল মঞ্জুর পাটোয়ারী, পিতা মোঃ আবদুল লতিফ পাটোয়ারী, গ্রাম গন্ডাপুর, ডাকঘর ইচ্ছামিয়া, থানা লাঙ্গলকোর্ট, জেলা কুমিল্লা। | খগ | খগ |
| ৪৬। | মোঃ জহির মাতুব্বার, পিতা মোঃ হারুন মাতুব্বর, গ্রাম দক্ষিণ খাগছাড়া, ইউনিয়ন মস্তফাপুর, থানা মাদারীপুর, জেলা মাদারীপুর। | খগ | গ |
| ৪৭। | মোঃ আজিজুল রহমান, পিতা মোঃ জালাল সরদার, গ্রাম চন্দনী মহল, ডাকঘর চন্দনী মহল, থানা দিঘলিয়া, জেলা খুলনা। | খগ | গ |
| ৪৮। | মোঃ মঈন উদ্দিন, পিতা মৃত রোস্তম আলী, পু-১৫২ নতুন ১১৩/১, খানপুর, মেইন রোড, ডাকঘর ও জেলা নারায়ণগঞ্জ। | খগ | গ |
| ৪৯। | মোঃ ছামারুল ইসলাম, পিতা মোঃ নজির মন্ডল, গ্রাম সুমিরদিয়া কলোনিপাড়া, ডাকঘর চুয়াডাংগা, উপজেলা চুয়াডাংগা, জেলা চুয়াডাংগা। | খগ | গ |

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | আবেদনের শ্রেণী | ফলাফল |
|---|---|---|---|
| ৫৭। | মোঃ গোলাম হোসাইন, পিতা মোঃ মন্তাজ উদ্দিন, গ্রাম সিদলাই, ডাকঘর সিদলাই, থানা বি.পাড়া, জেলা কুমিল্লা। | খগ | গ |
| ৫৮। | মোঃ আবুল হোসেন, পিতা মৃত আফতাব উদ্দিন, গ্রাম বারখাদা, ডাকঘর জুগিয়া, থানা ও জেলা কুষ্টিয়া। | খগ | খগ |
| ৬২। | মোঃ মিজানুর রহমান, পিতা মোঃ ফজলুল হক ফরাজী, গ্রাম মোড়াকাঠী,ডাকঘর মোড়াকাঠী, থানা উজিরপুর, জেলা বরিশাল। | খগ | গ |
| ৬৩। | মোহাম্মদ বাবুল মিয়া, পিতা মোহাম্মদ শহিদ উল্যাহ, গ্রাম মালচোয়া, ডাকঘর তুলপাই, উপজেলা কচুয়া, জেলা চাঁদপুর। | খগ | খগ |
| ৭১। | মোঃ ইসমাইল হোসেন, পিতা মোঃ মোতাহার হাওলাদার, গ্রাম ভবানীপুর, ডাকঘর কাচিয়া, থানা ও জেলা ভোলা। | খগ | গ |
| ৭৮। | মোহাম্মদ নুরুল আলম, পিতা মোহাম্মদ জামান, গ্রাম উত্তর বাঁশবাড়ীয়া, ডাকঘর বাঁশবাড়ীয়া, থানা সীতাকুন্ড, জেলা চট্টগ্রাম। | খগ | খগ |
| ৮৪। | মোঃ আতিকুর রহমান, পিতা মোঃ মোস্তাফিজুর রহমান, গ্রাম মধুপুরনই, ডাকঘর পাঁচুপুর, থানা আত্রাই, জেলা নওগাঁ। | খগ | গ |
| ৮৮। | মোঃ মোস্তফা কামাল, পিতা মোঃ দিললুর রহমান, গ্রাম ও ডাকঘর কামারকাচী, থানা স্বরূপকাঠী, জেলা পিরোজপুর। | খগ | গ |
| ৮৯। | মোঃ সাইফুল ইসলাম, পিতা মৃত মহর আলী, গ্রাম পীরপুর, ডাকঘর চালাকচর, থানা মনোহরদী, জেলা নরসিংদী। | খগ | গ |
| ৯০। | মোঃ জহুরুল ইসলাম, পিতা মোঃ নুরনবী মন্ডল, গ্রাম আদাচাকী, ডাকঘর আদাকাকী, থানা বেলকুচী, জেলা সিরাজগঞ্জ। | খগ | গ |
| ৯১। | আবদুর রহমান, পিতা আবদুর রহিম খান, গ্রাম যোগদাহেরঘাট, ডাকঘর উমেদপুর, থানা শিবচর, জেলা মাদারীপুর। | খগ | গ |
| ৯৩। | নাজমুল হোসেন, পিতা মোঃ নুরুল ইসলাম, গ্রাম রোয়াচালা, ডাকঘর রোয়াচালা, থানা মুরাদনগর, জেলা কুমিল্লা। | খগ | গ |
| ৯৬। | মোঃ আবুল হোসেন, পিতা মোঃ আব্দুল খালেক, গ্রাম ছোট তুলাগাঁ, ডাকঘর মুদফরগঞ্জ বাজার, থানা বরুড়া, জেলা কুমিল্লা। | খগ | খগ |
| ৯৮। | মোঃ আজমারুল ইসলাম, পিতা মোঃ রইছ উদ্দিন, গ্রাম গোপিনাথপুর, ডাকঘর কেরানীহাট, উপজেলা রংপুর সদর, জেলা রংপুর। | খগ | গ |
| ১০০। | মোঃ শরীফুল ইসলাম, পিতা মোঃ মানিক মিয়া, দক্ষিণ মাছিমপুর, পাবনা ক্যাডেট কলেজ, থানা ও জেলা পাবনা। | খগ | গ |

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | আবেদনের শ্রেণী | ফলাফল |
|---|---|---|---|
| ১০৩। | মোহাম্মদ হোসেন, পিতা মোঃ আলম, গ্রাম দক্ষিণ হালিশহর, ডাকঘর সেইলস কলোনী, থানা বন্দর, জেলা চট্টগ্রাম। | খগ | খগ |
| ১০৪। | মোঃ রোকুনুজ্জামান (মানিক), পিতা মৃত আব্দুল রাকিব, গ্রাম রানিনগর, ডাকঘর ঘোড়ামারা, থানা বোয়ালিয়া, জেলা রাজশাহী। | খগ | খগ |
| ১০৭। | মোঃ সাহাব উদ্দীন, পিতা মোঃ আবদুল আউয়াল, গ্রাম যাদবপুর (বেপারীবাড়ী), ডাকঘর নরোত্তমপুর, উপজেলা কবিরহাট, জেলা নোয়াখালী। | খগ | খগ |
| ১০৯। | মোঃ আলমগীর হোসেন, পিতা মোঃ ইসাহাক আলী, গ্রাম ধানহরিয়া, ডাকঘর পোড়াহাটি, থানা ও জেলা ঝিনাইদহ। | খগ | গ |
| ১১০। | মোঃ আরিফুল ইসলাম, পিতা মোঃ জামির হোসেন, গ্রাম পশ্চিম সরালিয়া, ডাকঘর ও থানা মোড়েলগঞ্জ, জেলা বাগেরহাট। | খগ | গ |
| ১১১। | মোঃ ইসমাইল হোসেন (উজ্জল), পিতা মোঃ আব্দুল খালেক, গ্রাম মধুপুর, ডাকঘর কুমারপাড়া, থানা বারহাট্টা, জেলা নেত্রকোনা। | খগ | খগ |
| ১১২। | মোঃ আবুল হাসান, পিতা মোঃ আব্দুল মান্নান মৃধা, তরকারীপট্টি, ডাকঘর ঝালকাঠী, থানা ও জেলা ঝালকাঠী, | খগ | গ |
| ১১৩। | মোঃ আলা উদ্দিন সরকার, পিতা মোঃ হারুন অর রশিদ, গ্রাম সুলতানপুর, ডাকঘর মাদ্রাসা সুলতানপুর, থানা দেবিদ্বার, জেলা কুমিল্লা। | খগ | গ |
| ১১৫। | একরাম হোসেন, পিতা ফয়েজ আহম্মেদ, সাদঁত আলী মুহুরী বাড়ী, গ্রাম চরলক্ষীগঞ্জ, ডাকঘর কুটিরহাট, থানা সোনাগাজী, জেলা ফেনী। | খগ | গ |
| ১১৮। | মোঃ আতিকুর রহমান, পিতা মোঃ সোনা মিয়া, গ্রাম ধুলটিয়া, ডাকঘর পাথরাইল, উপজেলা টাংগাইল, জেলা টাংগাই। | খগ | খগ |
| ১২৬। | মোঃ আলাউদ্দিন মজুমদার, পিতা মৃত আবুল খায়ের মজুমদার, গ্রাম কাদলা, ডাকঘর কাদলা, থানা কচুয়া, জেলা চাঁদপুর। | কখগ | কখগ |
| ১২৭। | মোহাম্মদ শামসু উদ্দিন, পিতা ছালেহ আহম্মেদ, চাপ্রাশি বাড়ী, শামসু উদ্দিন, গ্রাম চরফকিরা, ডাকঘর চরফকিরা, থানা কোম্পানীগঞ্জ, জেলা নোয়াখালী। | কখগ | গ |
| ১২৮। | শেখ খায়রুজ্জামান, পিতা মৃত শেখ আব্দুল, মহল্লা ওয়্যারলেসপাড়া, ডাকঘর প্রধান ডাকঘর, থানা ফরিদপুর, জেলা ফরিদপুর। | কখগ | গ |
| ১৩০। | মোঃ শহিদুল ইসলাম, পিতা মোঃ আব্দুল আজিজ মুন্সী, বেড়পাড়া, হরিপুর, পবা, রাজশাহী | কখগ | খগ |
| ১৩২। | জুয়েল সরকার, পিতা হরিশ চন্দ্র সরকার, গ্রাম ধনপুর, ডাকঘর সাওরাইদ বাজার, উপজেলা কালীগঞ্জ, জেলা গাজীপুর। | কখগ | খগ |
| ১৩৩। | মোঃ সোহাগ, পিতা ফিরোজ মোল্লা, সাং উত্তর ফ্যাশন, ডাকঘর ওসমানগঞ্জ, উপজেলা চর ফ্যাশন, জেলা ভোলা। | কখগ | খগ |
| ১৩৪। | মোঃ ইয়াছিন আরাফাত, পিতা মোঃ আমির হোসেন, দক্ষিণ ফ্যাশন, থানা চর ফ্যাশন, জেলা ভোলা। | কখগ | খগ |
| ১৩৬। | মোঃ আমিরুল ইসলাম, পিতা মোঃ সোলেমান প্রধান, গ্রাম পূর্ব বেহাকৈর, ডাকঘর কাঁচপুর, উপজেলা সোনারগাঁও, নারায়ণগঞ্জ। | কখগ | গ |
| ১৩৯। | মোঃ আবদুর রহিম, পিতা মোঃ আবদুল মোতালেব, বাসা নং-১১০২, হাজী মোজাফল চৌধুরী সড়ক, হোমস্ আইডিয়া স্কুল, ডাকঘর পিটি আই-৪২০৯, থানা খুলশী, জেলা চট্টগ্রাম। | কখগ | কখগ |
| ১৪০। | মোঃ নুরুল ইসলাম (হানিফ), পিতা মোঃ নুরুল আমিন, গ্রাম ইজ্জতপুর, থানা ও জেলা ফেণী। | কখগ | গ |
| ১৪১। | মোঃ হারুন উর রশিদ, পিতা মোঃ ইদ্রিস, গ্রাম আসকারাবাদ, ডাকঘর বন্দর, থানা ডবলমুরিং, জেলা চট্টগ্রাম। | কখগ | খগ |
| ১৪৫। | মোহাম্মদ এনামুল হক, পিতা মৃত আলী জাফর, গ্রাম উত্তর বন্দর, ডাকঘর মহাল খাঁন বাজার, থানা কর্ণফুলী, জেলা চট্টগ্রাম। | কখগ | গ |
| ১৪৭। | মোঃ সাইফুল ইসলাম, পিতা আঃ সাত্তার, গ্রাম জিনারাইল বাকলার চর, ডাকঘর চৌদ্দশত, থানা ও জেলা কিশোরগঞ্জ। | কখগ | কখগ |
| ১৫০। | মোঃ জাবের খাঁন, পিতা মৃত এয়াকুব খাঁন, গ্রাম উত্তর বন্দর, ডাকঘর মহাল খান বাজার, থানা কর্ণফুলী, উপজেলা আনোয়ারা, জেলা চট্টগ্রাম। | কখগ | গ |
| ১৫১। | মোঃ কেফায়েত হোসেন (সোহাগ), পিতা মোঃ হেমায়েত হোসেন খলিফা, পূর্ব চাঁদকাজী, ঝালকাঠী সদর, ঝালকাঠী। | কখগ | গ |
| ১৫৪। | মোঃ আতিকুর রহমান, পিতা মোঃ আব্দুর রশিদ মিয়া, গ্রাম আশিকপুর, ডাকঘর ও জেলা টাংগাইল সদর। | কখগ | খগ |
| ১৫৫। | মোঃ আসানুর রহমান, পিতা মৃত বাহার আলী, গ্রাম সানতলা, ডাকঘর চুড়ামন কাঠী, থানা ও জেলা যশোর। | কখগ | গ |
| ১৫৬। | সৈয়দ এহছানুল হক, পিতা সৈয়দ শামছুল হক, গ্রাম আমিরাবাদ, সৈয়দপাড়া, ডাকঘর মাস্টারহাট, থানা লোহাগড়া, জেলা চট্টগ্রাম। | কখগ | গ |
| ১৫৮। | মোঃ আবদুল ওহাব, পিতা মৌলভী আজাহার আলী আকন, গ্রাম ফুলঝুড়ি, ডাকঘর আলগি, পাতাকাটা, থানা মঠবাড়ীয়া, জেলা পিরোজপুর। | কখগ | গ |
| ১৫৯। | অসীম চন্দ্র নাথ, পিতা মৃত হরিপদ চন্দ্র নাথ, গ্রাম গুপ্তাংক, ডাকঘর মাইজদী কোর্ট, থানা সুধারাম, জেলা নোয়াখালী। | কখগ | গ |
| ১৬৫। | মেহেদী হাসান শাকিল, পিতা আব্দুস সাত্তার সিকদার, গ্রাম ডিবুয়াপুর, ডাকঘর বহাল গাছিয়া, থানা ও জেলা পটুয়াখালী। | কখগ | গ |

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | আবেদনের শ্রেণী | ফলাফল |
|---|---|---|---|
| ১৬৬। | মুহাম্মদ ইমতিয়াজ মিয়া, পিতা মুহাম্মদ তসলিম, গ্রাম লেলাংগারা, ডাকঘর বিনাজুরী, উপজেলা রাউজান, জেলা চট্টগ্রাম। | কখগ | কখগ |
| ১৬৭। | মোঃ বিল্লাল হোসেন সরকার, পিতা মোঃ নুরুল ইসলাম সরকার, গ্রাম সাতমোড়া, ডাকঘর জাহাপুর, থানা মুরাদনগর, জেলা কুমিল্লা। | কখগ | গ |
| ১৭১। | মোঃ ওয়াজেদ আলী, পিতা মৃত আব্দুল করিম ব্যাপারী, গ্রাম ইসলামপুর, (দত্ত পাড়া), ডাকঘর ইসলামপুর, থানা টংগী, জেলা গাজীপুর। | কখগ | কখগ |
| ১৭২। | মোঃ আখিরুজ্জামান আঁখি, পিতা মুন্সী আতিয়ার রহমান, ৪২, দক্ষিণ টুটপাড়া, মহিরবাড়ি, বাইতুল আমান মহল্লা, খুলনা। | কখগ | খগ |
| ১৭৪। | মোঃ রুহুল আমিন, পিতা মোঃ ওছমান গনি, গ্রাম লক্ষীপুর, ইউনিয়ন মোকামতলা উপজেলা শিবগঞ্জ, জেলা বগুড়া। | কখগ | খগ |
| ১৭৫। | মোঃ জলিল সরদার, পিতা মোঃ আকতার সরদার, গ্রাম দক্ষিণ শিহিপাশা, ডাকঘর গৈলা, থানা আগৈলঝাড়া, জেলা বরিশাল। | কখগ | কখগ |
| ১৭৭। | শাহীন মোল্লা, পিতা মোঃ মোয়াজ্জেম আলী, গ্রাম মাহনা, ডাকঘর দুপতারা, থানা রূপগঞ্জ, জেলা নারায়ণগঞ্জ। | কখগ | গ |
| ১৭৯। | আসাদুল হক, পিতা মোঃ আবদুস সুকুর, গ্রাম ও ডাকঘর তৈলারদ্বীপ, থানা আনোয়ারা, জেলা চট্টগ্রাম। | কখগ | খগ |
| ১৮০। | মোঃ সাইফুল ইসলাম, পিতা মৃত আবদুল গফুর সরকার, গ্রাম করিমপুর বাজার, ডাকঘর আব্দুলপুর, উপজেলা লালপুর, জেলা নাটোর। | কখগ | খগ |
| ১৮১। | মোঃ সফিউল্লাহ দেওয়ান, পিতা মোঃ হাবিবুর রহমান, গ্রাম বাহাদুরপুর, ডাকঘর ভাওয়াল মির্জাপুর, থানা গাজীপুর সদর, জেলা গাজীপুর। | কখগ | গ |
| ১৮২। | মোঃ জাহিদুল ইসলাম, পিতা মোঃ আব্দুল আজিজ, গ্রাম সাতানী, শ্রীবরদী, ডাকঘর ও উপজেলা শ্রীবরদী, জেলা শেরপুর। | কখগ | কখগ |
| ১৮৬। | মোঃ রুহুল আমিন, পিতা আঃ মজিদ মৃধা, গ্রাম নাগেরহাট, ডাকঘর নাগেরহাট, থানা লৌহজং, জেলা মুন্সীগঞ্জ। | কখগ | কখগ |
| ১৯২। | গোলাম মোস্তফা, পিতা মৃত এলাহী বেপারী, গ্রাম তেবাড়িয়া, ডাকঘর সলিমাবাদ, ইউনিয়ন সলিমাবাদ, উপজেলা নাগরপুর, জেলা টাংগাইল। | গ | গ |
| ১৯৫। | মোঃ আক্তারুজ্জামান, পিতা মোঃ আদম আলী ফকির, গ্রাম নরসিংহা, ডাকঘর বরাকোঠ, উপজেলা উজিরপুর, জেলা বরিশাল। | গ | গ |
| ১৯৬। | মোঃ সালাহ উদ্দিন মৃধা, পিতা মরহুম মোঃ গিয়াস উদ্দিন মৃধা, গ্রাম নওগাঁও, ডাকঘর মধ্য নওগাঁও, থানা মতলব, জেলা চাঁদপুর। | গ | গ |
| ১৯৯। | মোঃ নাজমুল সরকার (জনী), পিতা আব্দুল রশিদ সরকার, ফুলঘর, ডাকঘর হায়দারবাদ, থানা মুরাদনগর, জেলা কুমিল্লা। | গ | গ |

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | আবেদনের শ্রেণী | ফলাফল |
|---|---|---|---|
| ২০১। | মোঃ ফারুক হোসেন, পিতা মোঃ ওয়াজেদ আলী, গ্রাম জিয়া, ডাকঘর বদলগাছী, উপজেলা বদলগাছী, জেলা নওগাঁ। | গ | গ |
| ২০২। | মোঃ ফরহাদ হোসাইন, পিতা মোঃ বিল্লাল হোসেন, গ্রাম কাউয়াদি, ডাকঘর নায়েরগাঁও, থানা দাউদকান্দি, জেলা কুমিল্লা। | গ | গ |
| ২০৩। | মোঃ মানিক হোসেন, পিতা মোঃ আলতাফ হোসেন, গ্রাম হোসনাবাদ, ডাকঘর গাছুয়া, থানা মুলাদী, জেলা বরিশাল। | গ | গ |
| ২০৫। | মোঃ আঃ কুদ্দুছ তালুকদার, পিতা মোঃ আবুল হাসেম তালুকদার, গ্রাম উপাদি, উপজেলা মতলব, জেলা চাঁদপুর। | গ | গ |
| ২০৮। | মোঃ আলিম মোল্লা, পিতা মোঃ করিম মোল্লা, গ্রাম কালনা, ডাকঘর হাজীপাড়া, থানা গৌরনদী, জেলা বরিশাল। | গ | গ |
| ২০৯। | মোঃ সায়মন হোসেন, পিতা মোঃ মাহাবুব মৃধা, গ্রাম ও ডাকঘর মদনপুরা, থানা বাউফল, জেলা পটুয়াখালী। | গ | গ |
| ২১১। | দীপক চন্দ্র দাস, পিতা দুলাল চন্দ্র দাস, গ্রাম জলিশা, ডাকঘর দুমকি, উপজেলা দুমকি, জেলা পটুয়াখালী। | গ | গ |
| ২১৮। | মোঃ কাজী জয়নাল আবেদীন, পিতা মোঃ কাজী হেদায়েত হোসেন, ব্লক-ডি, হাউজ নং-২৩, ডাকঘর উপশহর, থানা ও জেলা যশোর। | গ | গ |
| ২১৯। | মোঃ তুহীন হোসেন, পিতা মোঃ আব্দুর রাজ্জাক বিশ্বাস, গ্রাম রামচন্দ্রপুর, ডাকঘর গোবরা চাঁদপুর, থানা কুমারখালী, জেলা কুষ্টিয়া। | গ | গ |
| ২২১। | খোকন বেপারী, পিতা শামছুল বেপারী, রয়েজ রোড, ০৪নং ওয়ার্ড, হোল্ডিং নং-৫২০, পুরান বাজার, চাঁদপুর। | গ | গ |
| ২২২। | মোঃ শাহ আলম খান, পিতা আবদুর রহমান খান, পূর্ব শ্রীরামদী, আমজাদ আলী রোড, দাসপাড়া, পুরান বাজার, চাঁদপুর। | গ | গ |
| ২২৪। | মোঃ মুস্তাফিজুর রহমান, পিতা মৃত মোশাররফ হোসেন, গ্রাম ঘোড়ামারা, ডাকঘর গোয়ালপাড়া, থানা ও জেলা ঝিনাইদহ। | গ | গ |
| ২২৬। | মোঃ হারুন অর রশিদ, পিতা মোঃ আব্দুল নবী, গ্রাম গেরুয়া, ডাকঘর ডেইরীফার্ম, থানা আশুলিয়া, ঢাকা। | গ | গ |
| ২২৭। | মোঃ মাইন উদ্দিন, পিতা মোঃ মকবুল আহম্মদ, গ্রাম ও ডাকঘর ভোগই, থানা মনোহরগঞ্জ, জেলা কুমিল্লা। | গ | গ |
| ২৩০। | মোঃ ফারুক হোসেন, পিতা মোঃ আবুল বাসার, গ্রাম সোবারকন্দি, ডাকঘর বরদিয়া, থানা মতলব, জেলা চাঁদপুর। | কখ | খ |
| ২৩২। | মোঃ সাইফুল হক, পিতা মৃত মোঃ ওবায়দুল হক, গ্রাম ছাড়াইত কান্দি, ডাকঘর ভৈরব চৌধুরীহাট, থানা সোনাগাজী, জেলা ফেনী। | গ | গ |

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | আবেদনের শ্রেণী | ফলাফল |
|---|---|---|---|
| ২৩৪। | মোঃ শিমুল আহাম্মেদ, পিতা মোঃ ইসমাইল হোসেন, গ্রাম ওমরপুর, ডাকঘর সপুরা, থানা শাহমখদুম, জেলা রাজশাহী। | গ | গ |
| ২৩৫। | মোঃ নাঈমুল ইসলাম, পিতা মোঃ জহিরুল ইসলাম, গ্রাম পশ্চিম নাগদাহ, ডাকঘর খাদেঁরগাঁও, থানা মতলব, জেলা চাঁদপুর। | খ | খ |
| ২৪১। | প্রদীপ কুমার সাহা, পিতা পরিমাল চন্দ্র সাহা, গ্রাম আমতলা, ডাকঘর কিয়ামতলা, থানা নেত্রকোণা, জেলা নেত্রকোণা। | খ | খ |
| ২৪৪। | মোঃ বিপুল হোসেন মন্ডল, পিতা মোঃ সোহরাব হোসেন মন্ডল, গ্রাম পাইকেল, ডাকঘর বগিয়া, থানা ও জেলা মাগুরা। | ক | ক |
| ২৪৮। | কাজী মনির হোসেন, পিতা কাজী জাফর, কংগাইশ, পূর্ব পাড়া, কাজীবাড়ী, ডাকঘর হাজীগঞ্জ, জেলা চাঁদপুর। | ক | ক |
| ২৫৬। | মোঃ রুবেল মিয়া, পিতা মরহুম লাল মিয়া, গ্রাম ও ডাকঘর জুরানুর, থানা দাউদকান্দি, জেলা কুমিল্লা। | কখ | কখ |
| ২৫৯। | মোঃ আবু তালিব, পিতা বজলুর রহমান, হিরন কোটালীপাড়া, গোপালগঞ্জ। | কখ | খ |
| ২৬১। | মোঃ সেলিম উদ্দীন, পিতা মোঃ আরশাদ আলী, গ্রাম মহেশপুর, ডাকঘর বাঁশবাড়ীয়া, থানা আলমডাঙ্গা, জেলা চুয়াডাংগা। | কখ | খ |
| ২৬৫। | মোঃ রিপন ফরাজী, পিতা মোঃ আব্দুর রউফ ফরাজী, মুহাম্মদনগর, (দক্ষিণপাড়া), সুইজ গেট, বটিয়াঘাটা, খুলনা। | কখ | খ |
| ২৬৮। | মোঃ আব্দুল মজিদ, পিতা মরহুম এসতুল্লাহ মন্ডল, গ্রাম ও ডাকঘর রিশিকুল, উপজেলা গোদাগাড়ী, জেলা রাজশাহী। | কখ | খ |

**মোঃ একরামুর রহমান**
অতিরিক্ত সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-১

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ জুন ২০১৩

**নং ৩১.০৩৬.০২৭.০০.০০.০৪৬.২০১১-২১৫**—জনাব অধীর কুমার কীর্তনীয়া, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, ফুলতলা, খুলনা, এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার (বিভাগীয় মামলা নং ০৪৬/২০১১) শুনানিঅন্তে যুগ্ম-সচিব (উন্নয়ন) ভূমি মন্ত্রণালয় নিম্নরূপ আদেশ দিয়েছেন ঃ

"অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং নথিতে রক্ষিত কাগজাদি পরীক্ষা করা হলো। তদন্তকারী কর্মকর্তা উপ-পরিচালক জরিপের প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ আছে। কিন্তু জরিপ বিধি অনুসারে এ ক্ষেত্রে যে সামান্য ত্রুটিগুলো পরিলক্ষিত হয়েছিল তা তসদিক, আপত্তি ও আপীল স্তরে সংশোধনের সুযোগ ছিল। উক্ত প্রতিবেদনে সরকারের কোন আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ নেই। যেহেতু, অভিযুক্ত এল. পি. আর. ভোগ শেষে বর্তমানে অবসরে আছেন এবং আর্থিক সংশ্লিষ্টতা না থাকায় এ পর্যায়ে বি. এস. আর পার্ট-১ এর ২৪৭ বিধি মোতাবেক তার বিরুদ্ধে শাস্তি আরোপের কোন সুযোগ নেই।

এমতাবস্থায়, সার্বিক বিষয় পর্যালোচনায় অবসরপ্রাপ্ত কর্মকর্তা জনাব অধীর কুমার কীর্তনীয়া, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, ফুলতলা, খুলনা, জোন-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালায় বর্ণিত অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো।"

২। উপরিউক্ত আদেশ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

## জরিপ শাখা-২ (মাঠ প্রশাসন)

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মে ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৬.১৫.১৪৬.১২ (অংশ-১)-৩৭৭**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-১২-২০১২ তারিখের ০৫.১৫৬. ০১৫.০৩.০০.১০০.১৯৯২-২১১ নং স্মারকপত্রে এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৫-০৪-২০১৩ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-২/ ভূমি-৩/৯৭/৯৯ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি সংস্কার বোর্ডের অধীন বরিশাল বিভাগের উপ-ভূমি সংস্কার কমিশনার অফিসের জন্য অস্থায়ীভাবে সৃষ্ট ০৩টি পদের মেয়াদ ০১-০৬-২০১০ হতে ৩১-০৫-২০১২ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষা সংরক্ষণ এবং ০১-০৬-২০১২ হতে ৩১-০৬-২০১৩ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি ঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | উপ-ভূমি সংস্কার কমিশনার | ০১(এক)টি | ২৫৭৫০—৩৩৭৫০ |
| (২) | সাঁট মুদ্রাক্ষরিক | ০১(এক)টি | ৫২০০—১১২৩৫ |
| (৩) | এমএলএসএস | ০১(এক)টি | ৪১০০—৭৭৪০ |
| | মোট= | ০৩(তিন)টি | |

২। উক্ত পদের ব্যয় ২০১২-১৩ অর্থবছরের বাজেটে ৪৬-ভূমি মন্ত্রণালয়-৪৬০৭-ভূমি সংস্কার বোর্ডের কোড ৪৫০১ হতে মিটানো হবে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ জি, ও জারি করা হলো।

**মোঃ আহসান হাবীব**
সহকারী সচিব।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**সেল-শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ জুন ২০১৩

**নং মশিবিম/শা-সেল/NCWCD-৬/১২/২৮৬**—মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১০ ডিসেম্বর ১৯৯৮ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-মপবি/জেপ্র-৪/২(৫১)/৯৮-৩০৮ এর মাধ্যমে মহিলাদের সার্বিক, উন্নয়নের সমন্বয় লক্ষ্যে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, এন.জি.ও. মহিলা সমাজকর্মীদের ও সুশীল সমাজের প্রতিনিধি সমন্বয়ে "জেলা মহিলা উন্নয়ন কমিটি" ও "উপজেলা মহিলা উন্নয়ন সমন্বয় কমিটি" গঠন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ২০ মে ২০১৩/০৬ জ্যৈষ্ঠ ১৪২০ তারিখের ০৪.৫১২.০৮২.০০.০০.০৩৩.২০১০-১০২ নম্বর পত্রের অনুবৃত্তিক্রমে উক্ত কমিটি এতদ্বারা বাতিলপূর্বক নিম্নরূপভাবে "জেলা মহিলা উন্নয়ন সমন্বয় কমিটি" এবং "উপজেলা মহিলা উন্নয়ন সমন্বয় কমিটি," গঠন করা হইল ঃ

**(ক) "জেলা মহিলা উন্নয়ন সমন্বয় কমিটি"**

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | | - | সভাপতি |
| (২) | পুলিশ সুপার | | - | সদস্য |
| (৩) | প্রধান নির্বাহী কর্মকতা, জেলা পরিষদ | | - | সদস্য |
| (৪) | সিভিল সার্জন | | - | সদস্য |
| (৫) | জেলা সদরে অবস্থিত সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা | | - | সদস্য |
| (৬) | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | | - | সদস্য |
| (৭) | জেলা মৎস্য কর্মকর্তা | | - | সদস্য |
| (৮) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | | - | সদস্য |
| (৯) | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | | - | সদস্য |
| (১০) | জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি | | - | সদস্য |
| (১১) | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | | - | সদস্য |
| (১২) | উপ-পরিচালক, বি.আর.ডি.বি | | - | সদস্য |
| (১৩) | জেলা শিক্ষা অফিসার | | - | সদস্য |
| (১৪) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | | - | সদস্য |
| (১৫) | জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটির চেয়ারম্যান | | - | সদস্য |
| (১৬) | জেলা সদরে অবস্থিত সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা | | - | সদস্য |
| (১৭) | জেলা পর্যায়ের লেডিস ক্লাবের সাধারণ সম্পাদক | | - | সদস্য |
| (১৮) | জেলাধীন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ১(এক) জন | জেলা পরিষদের চেয়ারম্যান অথবা প্রশাসক কর্তৃক; চেয়ারম্যান অথবা প্রশাসকের অবর্তমানে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত | - | সদস্য |
| (১৯) | জেলা সদরে অবস্থিত সিটি কর্পোরেশন/ পৌরসভার ১(এক) জন মহিলা কাউন্সিলর। | সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত | - | সদস্য |
| (২০) | স্বেচ্ছাসেবী সংস্থার ৩(তিন) জন প্রতিনিধি | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত | - | সদস্য |
| (২১) | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | - | সদস্য-সচিব |

(খ) "উপজেলা মহিলা উন্নয়ন সমন্বয় কমিটি"

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| (২) | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | - | সদস্য |
| (৩) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | সদস্য |
| (৪) | উপজেলা কৃষি কর্মকর্তা | - | সদস্য |
| (৫) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - | সদস্য |
| (৬) | উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা | - | সদস্য |
| (৭) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| (৮) | উপজেলা মৎস্য কর্মকর্তা | - | সদস্য |
| (৯) | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| (১০) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| (১১) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | | - | সদস্য |
| (১২) | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | | - | সদস্য |
| (১৩) | স্থানীয় মহিলা কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা (জেলা প্রশাসক মনোনীত) | | - | সদস্য |
| (১৪) | স্থানীয় সরকারি বালিকা উচ্চ দ্যিালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা (যদি থাকে) | | - | সদস্য |
| (১৫) | জাতীয় মহিলা সংস্থার উপজেলা কমিটির চেয়ারম্যান (যদি থাকে) | | - | সদস্য |
| (১৬) | উপজেলা সদরে অবস্থিত লেডিস ক্লাবের সাধারণ সম্পাদিকা | | - | সদস্য |
| (১৭) | উপজেলা সদরে অবস্থিত পৌরসভার ১(এক) জন মহিলা কাউন্সিলর | পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত | - | সদস্য |
| (১৮) | উপজেলাস্থ ইউনিয়ন পরিষদসমূহের মধ্যে হতে ১(এক) জন চেয়ারম্যান/মহিলা সদস্য | উপজেলা চেয়ারম্যান কর্তৃক মনোনীত, উপজেলা চেয়ারম্যানের অবর্তমানে উপজেলা নির্বাহী কর্মকর্তা মনোনীত। | - | সদস্য |
| (১৯) | স্বেচ্ছাসেবী সংস্থার ৩(তিন) জন প্রতিনিধি | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত | - | সদস্য |
| (২০) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | - | সদস্য-সচিব |

(গ) **কমিটির কার্যাবলী ঃ**

(১) সরকারের ঘোষিত জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ এবং জাতীয় কর্মপরিকল্পনা বিষয় মূল পর্যায়ে পৌঁছাইয়া দেওয়া এবং মহিলা উন্নয়নের লক্ষ্যে উন্নয়নের ক্ষেত্রে চিহ্নিত করিয়া প্রকল্প প্রস্তাবনার সুপারিশ করা;

(২) জাতীয় নারী উন্নয়ন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল উদ্দেশ্য বাস্তবায়ন করা;

(৩) জেলা/উপজেলা পর্যায়ে সরকারের অন্যান্য প্রতিষ্ঠানে গৃহীত নারী উন্নয়নমূলক কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়ন করা।

২। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভার কার্যবিবরণীর সুপারিশমালা লিপিবদ্ধ করিয়া মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়ে মহাপরিচালক বরাবর প্রেরণ করিবেন এবং তিনি তা পরীক্ষান্তে প্রশাসনিক মন্ত্রণালয় ও সকল উইড(ডরফ) ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ করিবেন। কমিটির সদস্য-সচিব পরবর্তী সভার কমপক্ষে এক সপ্তাহে পূর্বে সংশ্লিষ্ট সদস্যদের নিকট হইতে পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতির বিবরণ সংগ্রহপূর্বক প্রতিবেদন তৈরী করিয়া সভার আলোচ্যসূচীসহ পেশ করিবেন। জেলা ও উপজেলা পর্যায়ের উভয় কমিটির সভা দুইমাসে অন্ততঃ একবার অনুষ্ঠিত হইবে।

৩। এ প্রজ্ঞাপন জারীর ফলে মন্ত্রিপরিষদ বিভাগের গত ১০-১২-১৯৯৮ তারিখে নং-মপবি/জেপ্র-৪/২(৫১)/৯৮-৩০৮ নম্বর প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা আইরিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মে ২০১৩/১৩ জ্যৈষ্ঠ ১৪২০

**নং ৩৫.০২৮.০২৭.০০.০০.০১৮.২০১০-১৬২**—যেহেতু আপনি জনাব মোঃ সানাউল হক (পরিচিতি নম্বর ০০১০২৮), বর্তমানে প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, নারায়ণগঞ্জ সড়ক বিভাগে বিগত ৩১-০৭-২০০৫ তারিখ হতে ২৪-০৭-২০০৮ তারিখ পর্যন্ত নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মকালীন সময়ে "মাঝিনা-কায়েতপাড়া-ত্রিমোহনী সংযোগ সড়ক" শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রণের জন্য কোন পদক্ষেপ গ্রহণ না করে প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি করেছেন এবং ভূমি অধিগ্রহণ ব্যতিরেকে মাটি দ্বারা সড়ক বাঁধ নির্মাণ, ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ, আরসিসি সেতু নির্মাণ এবং সড়ক বাঁধ রক্ষাপ্রদ কাজ করে উক্ত কাজের বিল পরিশোধ করে সরকারি বিধি-বিধান লংঘন করে দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন করেছেন এবং সড়ক বাঁধ নির্মাণের জন্য মাটির কাজ ছোট ছোট ভাগে বিভক্ত করে অধিক সংখ্যক ঠিকাদার নিয়োগ করে সরকারি বিধান লংঘন করার অভিযোগসমূহে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, উক্ত বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক কেন চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার বিধানমতে অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন কি না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। অভিযোগনামা প্রাপ্তির পর অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে আপনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করেন; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে আপনার বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) (সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার

জন্য সড়ক বিভাগের উপ-সচিব বেগম রওশন আরা বেগমকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক জনাব মোঃ সানাউল হক (পরিচিতি নম্বর ০০১০২৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ) সওজ অধিদপ্তর (বর্তমানে প্রধান প্রকৌশলী দপ্তর সংলগ্ন, ছুটি প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সড়ক বিভাগ) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের সহিত দ্বিমত পোষণ করা হয়নি; এবং

সেহেতু, এক্ষণে জনাব মোঃ সানাউল হক (পরিচিতি নম্বর ০০১০২৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ), সওজ অধিদপ্তর (বর্তমানে প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন, ছুটি প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সড়ক বিভাগ) কে সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**সেতু বিভাগ**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ জ্যেষ্ঠ ১৪২০/০৪ জুন ২০১৩

**নং ৫০.০২৫.০২১.০০.০০.০০১.২০০৯-৯৫**—পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের পুনর্বাসন এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে প্লট বরাদ্দের নিমিত্ত ৩১ জুলাই ২০১২ তারিখের ৫০.০২৫.০২১.০০.০০.০০১.২০০৯-৩২৩ নং স্মারকে জারীকৃত নীতিমালাটিতে কতিপয় সংশোধন আনয়ন করা হয়েছে যা সরকার কর্তৃক অনুমোদিত এই সংশোধিত নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২। নীতিমালাটি কেবলমাত্র পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের পুনর্বাসন এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে প্লট বরাদ্দের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদ ইবনে কাসেম**
সিনিয়র সহকারী সচিব।

**পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের পুনর্বাসন এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে প্লট বরাদ্দ নীতিমালা (সংশোধনী) ঃ**

পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের পুনর্বাসন এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে প্লট বরাদ্দের জন্য যোগাযোগ মন্ত্রণালয়ের সেতু বিভাগ হতে ৩১-০৭-২০১২ তারিখে ৫০.০২৫.০২১.০০.০০.০০১.২০০৯-৩২৩নং প্রজ্ঞাপনমূলে জারীকৃত প্লট বরাদ্দ সংক্রান্ত নীতিমালার নিম্নরূপ পরিবর্তন/সংশোধন করা হলো ঃ

১। ২.১ অনুচ্ছেদের "এক্ষেত্রে ভূমিহীন ক্ষতিগ্রস্ত উথুলি (নদীভাসি) এবং স্কোয়াটার ব্যক্তিগণ প্লট বরাদ্দ পাওয়ার যোগ্য হবেন"-এর পরিবর্তে "উথুলি (নদীভাসি) এবং স্কোয়াটার যদি কেউ ভূমিহীন হন তারা প্লট বরাদ্দ নীতিমালার অন্যান্য প্রযোজ্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বিনামূল্যে ২.৫ শতাংশের প্লট বরাদ্দ পাওয়ার যোগ্য হবেন" প্রতিস্থাপিত হবে।

২। ২.১ অনুচ্ছেদের শেষে নিম্নরূপ বাক্যটি সংযোজিত হবে ঃ

তবে উক্ত ভূমিহীন, "উথুলি (নদীভাসি) এবং স্কোয়াটার পরিবারকে প্রকল্প এলাকায় ৩১-১২-২০০১ বা তার পূর্ব হতে বসবাস করে আসছে মর্মে প্রমাণিত (২০০১ সালের ভোটার তালিকা/বসতভিটার মালিক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র যা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মাঠ পর্যায়ের প্লট বরাদ্দ কমিটি কর্তৃক যাচাইকৃত) হতে হবে" প্রতিস্থাপিত হবে।

৩। ২.৩ অনুচ্ছেদে "যে সকল পরিবার ২০ (বিশ) শতাংশের নীচে বসতঘরসহ বসতভিটা হারিয়েছেন"-এর পরিবর্তে "যে সকল পরিবার ২০ শতাংশের নীচে এবং ১ শতাংশের উর্ধ্বে বসতঘরসহ ভিটা/বাড়ি শ্রেণীর জমি অথবা অন্য কোন শ্রেণীর জমি (যার উপর বসতঘর ছিল) হিসেবে ক্ষতিপূরণ প্রাপ্ত হয়েছেন" প্রতিস্থাপিত হবে।

৪। ২.৩ অনুচ্ছেদের শেষে নিম্নরূপ বাক্যটি সংযোজিত হবে ঃ

"যে সকল ক্ষতিগ্রস্ত পরিবার ১ শতাংশ পর্যন্ত বসতঘরসহ ভিটা/বাড়ি শ্রেণীর জমি অথবা অন্য কোন শ্রেণীর জমি (যার উপর বসতঘর ছিল) হারিয়ে জেলা প্রশাসকের কার্যালয় হতে উক্ত জমি ও বসতঘরের ক্ষতিপূরণ পেয়েছে তারা প্লট বরাদ্দ নীতিমালার অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে এই অনুচ্ছেদে বর্ণিত মূল্য পরিশোধ পূর্বক ২.৫ শতাংশের একটি প্লট বরাদ্দ পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

৫। ২.৪ অনুচ্ছেদের শেষে নিম্নরূপ বাক্য ২টি সংযোজিত হবে ঃ

"সে ক্ষেত্রে কোন পরিবার ২০ শতাংশ বা ততোধিক বসতভিটা/বাড়ি শ্রেণীর জমির পরিবর্তে অন্য কোন শ্রেণীর জমি (যার উপর বসতঘর ছিল) হিসেবে জেলা প্রশাসকের কার্যালয় হতে ক্ষতিপূরণ প্রাপ্ত হলেও ঐ পরিবার/ পরিবারসমূহ (যৌথনামে) ২.৩ অনুচ্ছেদে উল্লিখিত মূল্য প্রদান সাপেক্ষে পুনর্বাসন সাইটে ৫.০ শতাংশের ০১ টি প্লট বরাদ্দ পেতে পারে। তবে যদি ঐ পরিবারে দুই বা ততোধিক বিবাহিত ছেলের পরিবার থাকে তাহলে তারা ২.৩ অনুচ্ছেদে উল্লিখিত মূল্য প্রদান সাপেক্ষে পুনর্বাসন সাইটে ৭.৫ শতাংশের ০১ টি প্লট বরাদ্দ পেতে পারে।"

৬। ২.৫ নং অনুচ্ছেদে "২০ শতাংশের নীচে" শব্দসমূহ "২০ শতাংশের নীচে এবং ১ শতাংশের উর্ধ্বে" শব্দসমূহ দ্বারা প্রতিস্থাপিত হবে।

৭। ২.৫ নং অনুচ্ছেদের শেষে নিম্নরূপ বাক্যটি সংযোজিত হবে ঃ

"এক্ষেত্রে যে সকল পরিবার বসতঘরসহ ১ শতাংশ পর্যন্ত ভিটা/বাড়ি শ্রেণীর জমি হারিয়েছেন তারা ২.৩ অনুচ্ছেদে উল্লিখিত মূল্য প্রদান সাপেক্ষে পুনর্বাসন সাইটে ৫ শতাংশের ০১ টি প্লট বরাদ্দ পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

৮। ২.৭নং অনুচ্ছেদের শেষে নিম্নরূপ বাক্য ২টি সংযোজিত হবে ঃ

"বিআইডিএস-এর জরিপে অন্তর্ভুক্ত খানা প্রধানের মৃত্যু হলে মৃত ব্যক্তির ওয়ারিশদের সম্মতিক্রমে পরিবারভুক্ত ওয়ারিশদের যৌথ নামে প্লট বরাদ্দ এবং রেজিস্ট্রেশন করা যাবে। বিআইডিএস-এর জরিপে কোন ক্ষতিগ্রস্ত পরিবার বাদ পড়লে উক্ত পরিবার জিআরসি বরাবর আবেদন করতে পারবে।

৯। ২.৮ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"ক্ষতিগ্রস্ত পরিবারের স্বামী/স্ত্রী ও অন্যান্য সদস্যগণ যদি জেলা প্রশাসকের কার্যালয় হতে পৃথক পৃথকভাবে বসতভিটা ও অবকাঠামোর সিসিএল প্রাপ্ত হন তাহলে তাদের প্রাপ্যতা অনুসারে স্বামী-স্ত্রীর যৌথ নামে, অথবা সিসিএল প্রাপ্ত পরিবারের অন্যান্য সদস্যগণের যৌথ নামে প্লট বরাদ্দ প্রদান করা যাবে।"

১০। ২.৯ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"ক্ষতিগ্রস্ত পরিবারের অধিগ্রহণকৃত বসতভিটায় জমি যদি খাস বা অর্পিত সম্পত্তির তালিকাভুক্ত হয় এবং ঐ জমির উপরিস্থিত বসতঘরের ক্ষতিপূরণ জেলা প্রশাসকের কার্যালয় অথবা প্রকল্প হতে ক্ষতিগ্রস্ত পরিবার প্রাপ্ত হয় তাহলে প্লট বরাদ্দ নীতিমালার অন্যান্য প্রযোজ্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ২.৩ অনুচ্ছেদে বর্ণিত শতাংশ হারে মূল্য পরিশোধপূর্বক ঐ পরিবারের অনুকূলে ২.৫ শতাংশের একটি প্লট বরাদ্দ প্রদান করা যাবে।"

১১। ২.১০ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"ক্ষতিগ্রস্ত পরিবার অন্যের জমিতে নির্মিত বসতঘর হারিয়ে জেলা প্রশাসকের কার্যালয় হতে বসতঘরের ক্ষতিপূরণ পেলে এবং উক্ত পরিবার যদি ভূমিহীন না হয় তাহলে প্লট বরাদ্দ নীতিমালার অন্যান্য প্রযোজ্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ২.৩ অনুচ্ছেদে বর্ণিত হারে শতাংশ প্রতি মূল্য প্রদান সাপেক্ষে ২.৫ শতাংশের একটি প্লট বরাদ্দ পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

১২। ২.১১ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"জেলা প্রশসাকের কার্যালয় হতে বসতভিটা ও বসতঘরের সিসিএল প্রাপ্ত ব্যক্তি যদি বিআইডিএস জরীপে খানা প্রধান না হয় কিন্তু পরিবারের সদস্য হয়ে থাকে তবে প্লট বরাদ্দ নীতিমালার অন্যান্য প্রযোজ্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে তার অনুকূলে ২.৩ অনুচ্ছেদে বর্ণিত হারে শতাংশ প্রতি মূল্য পরিশোধপূর্বক তার অনুকূলে প্রাপ্যতা অনুযায়ী প্লট বরাদ্দ প্রদান করা যাবে।

১৩। ২.১২ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"যে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তি জেলা প্রশাসকের কার্যালয় ও পদ্মা বহুমুখী সেতু প্রকল্প হতে বসতভিটা ও বসতঘরের ক্ষতিপূরণ/অনুদান গ্রহণে আম-মোক্তারনামা দিয়েছে এবং বিআইডিএস জরিপে খানাপ্রধান হিসেবে অন্তর্ভুক্ত আছেন তারা জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রদত্ত শেয়ারশীট অনুসারে প্রাপ্য যোগ্য ব্যক্তি (ইপি) হিসেবে আইডি প্রাপ্তির পর প্লট বরাদ্দ নীতিমালার অন্যান্য প্রযোজ্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ২.৩ অনুচ্ছেদে বর্ণিত হারে শতাংশ প্রতি মূল্য প্রদানপূর্বক প্রাপ্যতা মোতাবেক প্লট বরাদ্দ পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

১৪। ২.১৩ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"পিতার বসতভিটায় বসবাসরত পুত্রের পরিবার যদি জেলা প্রশাসকের কার্যালয় থেকে আলাদাভাবে বসতঘরের ক্ষতিপূরণ প্রাপ্ত হয় এবং পিতার যদি বসতভিটার জমি অবশিষ্ট না থাকে প্লট বরাদ্দের নীতিমালার অন্যান্য প্রযোজ্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে তাকে ২.৩ অনুচ্ছেদে বর্ণিত হারে শতাংশ প্রতি মূল্য প্রদানপূর্বক ২.৫ শতাংশের একটি প্লট বরাদ্দ প্রদান করা যাবে।"

১৫। ৩.৩ অনুচ্ছেদে "বসতঘর অধিগ্রহণের পর যাদের বসবাসের জন্য বিকল্প বসতঘর, বসতভিটা, ফ্লাট ইত্যাদির ব্যবস্থা আছে" এর পরিবর্তে "বসতঘর অধিগ্রহণের পর যাদের বসবাসের জন্য বিকল্প নিজস্ব বসতঘর, বসতভিটা, ফ্লাট ইত্যাদির ব্যবস্থা আছে" প্রতিস্থাপিত হবে।

১৬। ৪.৩ নং অনুচ্ছেদে "ভূমিহীন হিসেবে আবেদনকারী ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-১) ভূমিহীনতার পক্ষে অঙ্গীকারনামা প্রদান করবেন।"-এর পরিবর্তে "ভূমিহীন হিসেবে আবেদনকারী ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ছকে তার ও তার পরিবারের সদস্যদের ভূমিহীনতার পক্ষে অঙ্গীকারনামা প্রদান করবেন।" প্রতিস্থাপিত হবে।

১৭। ৪.১১ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"ভূমিহীন ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক ভূমিহীনতার প্রত্যয়নপত্র দেওয়ার তারিখই ভূমিহীনতার Cut-off Date হিসাবে বিবেচিত হবে"।

১৮। ৫.২ অনুচ্ছেদের দ্বিতীয় লাইনে "উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার"-এর পরিবর্তে "প্রকল্প এলাকার জেলার বাইরে হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার" প্রতিস্থাপিত হবে।

১৯। ৫.২ অনুচ্ছেদের শেষে নিম্নরূপ বাক্যটি সংযোজিত হবে ঃ

"প্রকল্প এলাকাধীন জেলার স্থানীয় ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দেয়া হলে নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) উক্ত ব্যাংক হতে সংগৃহীত প্রত্যয়নের ভিত্তিতে প্লট বরাদ্দের পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন এবং তত্ত্বাবধায়ক প্রকৌশল (পুনর্বাসন) বরাবর এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করবেন"।

২০। ৫.৩ অনুচ্ছেদের শেষে নিম্নরূপ বাক্যটি সংযোজিত হবে ঃ

"ভূমিহীনদের ২.৫ শতাংশ প্লট বরাদ্দের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে নির্ধারিত পুনর্বাসন সাইটে প্লট বরাদ্দ দেয়া হবে। উক্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে"।

২১। ৬.৬ নং অনুচ্ছেদ "৫.০ (পাঁচ দশমিক শূন্য) এবং ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের প্লট ২.৩ অনুচ্ছেদ উল্লিখিত লিজ মূল্যে পরিশোধ সাপেক্ষ পরিবার প্রধানের নামে ৯৯ বছরের জন্য দলিল সম্পাদন ও রেজিস্ট্রি প্রদান করা হবে"।-এর পরিবর্তে "২.৫ (দুই দশমিক পাঁচ), ৫.০ (পাঁচ দশমিক শূন্য) এবং ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের প্লট ২.৩ অনুচ্ছেদ উল্লিখিত শতাংশ প্রতি লিজ মূল্যে পরিশোধ সাপেক্ষ প্রযোজ্য ক্ষেত্রে পরিবার প্রধান/পরিবারের সদস্য/সদস্যদের যৌথ নামে ৯৯ বছরের জন্য ইজারা দলিল সম্পাদন ও রেজিস্ট্রি প্রদান করা হবে।" প্রতিস্থাপিত হবে।

২২। ৬.৭ অনুচ্ছেদ "কোন ক্ষতিগ্রস্ত ব্যক্তি সাময়িক প্লট বরাদ্দ প্রাপ্তির ১ বছরের মধ্যে যথাযথভাবে গৃহ নির্মাণ করে বসবাস না করলে তার বরাদ্দপত্র বাতিল হয়ে যাবে।" নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে।

"সাময়িক প্লট বরাদ্দ প্রাপ্তির ১ মাসের মধ্যে কোন ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে অধিগ্রহণকৃত জায়গার সকল অবকাঠামো, গাছপালা, ফসলাদি ইত্যাদি অপসারণ করতে হবে এবং সর্বোচ্চ ১ বছরের মধ্যে গৃহ নির্মাণ করে বসবাস করতে হবে। অন্যথায় তার বরাদ্দপত্র বাতিল হয়ে যাবে।"

২৩। ৬.৮ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবে ঃ

"বরাদ্দপ্রাপ্ত প্লটে পৌরসভা/সরকার কর্তৃক স্বীকৃত সংস্থার ভবন/বাড়ি নির্মাণের নীতিমালা অনুসরণ করে বাড়ি নির্মাণ করতে হবে। দোতলা পাকা ভবন নির্মাণের ক্ষেত্রে সরকার স্বীকৃত উপযুক্ত প্রকৌশলী দ্বারা ডিজাইন/নকসা সম্পন্ন হতে হবে। উক্ত প্লটে ভবন/বাড়ি নির্মাণের পূর্বে নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন)-এর নিকট হতে অনুমোদন নিতে হবে। তবে প্লট বরাদ্দ প্রাপ্তির ১০ বছরের মধ্যে সর্বোচ্চ দ্বিতীয় তলা পর্যন্ত ভবন নির্মাণ করা যাবে। তার পরবর্তীতে দ্বিতীয় তলার উর্ধ্বে ভবন নির্মাণের ক্ষেত্রে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। এছাড়া বরাদ্দকৃত প্লটে নির্মিত বাড়ি/ভবনকে ব্যবসা-বাণিজ্যের কাজে ব্যবহার করা যাবে না।"

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-১৫ (কারিগরি-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ বৈশাখ ১৪২০/০৫ মে ২০১৩

**নং ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০১.১২-১২৭**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটে কর্মরত জনাব অশোক কুমার কুন্ডু, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)-এর বিরুদ্ধে বিভাগীয় মামলার আপীল-এ প্রদত্ত ১৮-০৭-২০০০ তারিখ হতে ২০-০৩-২০০৫ তারিখ পর্যন্ত সময়ের অসাধারণ ছুটিকে মহামান্য রাষ্ট্রপতির অনুকম্পায় কর্মকাল হিসেবে গণ্য করার আদেশ প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ জসিম উদ্দিন আহাম্মেদ**
উপ-সচিব।

---

**মাধ্যমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪২০/০৬ জুন ২০১৩

**নং প্রাগম/তঃ শৃঃ/বিমা-১/২০১৩/১৩৪**—যেহেতু, জনাব মোঃ আশরাফ হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতোবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ড-পত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে বলে প্রতীয়মান হয়;

সহেতু, , জনাব মোঃ আশরাফ হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপ-বিধি মোতোবেক ১ (এক)টি বার্ষিক ইনক্রিমেন্ট এক বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হল। ভবিষ্যতে তিনি স্থগিতকৃত ইনক্রিমেন্টের বকেয়া প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

---

**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ শে বৈশাখ ১৪২০/০৬ মে ২০১৩

**নং ৩৮.০০৮.০৩১.০৬.০০.০০২.১৯৯৮-২৩২**—কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার 'উজির দীঘীরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়' এর নাম পরিবর্তন করে 'শহীদ মুক্তিযোদ্ধা সাইফুল ইসলাম সরকারি প্রাথমিক বিদ্যালয়' নামকরণ করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**(প্রশাসন-৪ অধিশাখা)**

**অফিস আদেশ**

তারিখ ৫ জ্যৈষ্ঠ ১৪২০/১৯ মে ২০১৩

**নং সকম/প্রঃ ৪/২০৪/০৮-২১৬**—যেহেতু, জনাব মির্জা আমিনুর রহমান উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শ্যামনগর, সাতক্ষীরা চাকুরী দেয়ার নামে প্রতারণা করার অভিযোগে গত ১২-৪-২০১৩ তারিখ আনুমানিক সকাল ১০.৪০ ঘটিকায় সাতক্ষীরা সদর থানা পুলিশ কর্তৃক গ্রেফতার হন এবং বর্তমানে সাতক্ষীরা জেলা কারগারে আটক আছেন;

যেহেতু, মির্জা আমিনুর রহমান এর বিরুদ্ধে সাতক্ষীরা সদর থানায় দণ্ডবিধি ৪২০/৪০৬ ধারায় মামলা হয়েছে (মামলা নং ৩০/২৫৩, তারিখ ১২-০৪-২০১৩)। উক্ত ঘটনা ১৩-০৪-১৩ তারিখ 'দৈনিক প্রথম আলো', 'দৈনিক সমকাল', 'দৈনিক কালের কণ্ঠ' ও 'দৈনিক আমাদের সময়' পত্রিকায় প্রকাশিত হয় এবং বিষয়টি সমাজসেবা অধিদফতরের স্মারক ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩১. ১৩-১৪০ তারিখ ১৭-০৪-২০১৩ মূলে মন্ত্রণালয়কে অবহিত করা হয়;

যেহেতু, জনাব মির্জা আমিনুর রহমান উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শ্যামনগর, সাতক্ষীরা, ফৌজদারি মামলায় পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে সাতক্ষীরা কারাগারে আটক থাকায় বি এস আর পার্ট-১ এর বিধি ৭৩ এর নোট-২ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১(১) মোতাবেক ১২-০৪-২০১৩ তারিখ হতে তাকে সরকারি চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। তিনি প্রচলিত নিয়মে সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সুরাইয়া বেগম** এনডিসি
সচিব।

---

## শিল্প মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ০৫ বৈশাখ ১৪২০/১৮ এপ্রিল ২০১৩

**নং ৩৬.০৬১.০১৬.০৮.০০.০৩৬.২০১৩-২৫৫**—এতদ্বারা জানানো যাচ্ছে যে, The Ship Breaking and Ship Recycling Rules, 2011 এর বিধি 2(xvi) এ Trade Body'র যে সংজ্ঞা প্রদান করা হয়েছে তা নিয়ে বিভিন্ন সময়ে অস্পষ্টতা তৈরি হয়েছে মর্মে পরিলক্ষিত হয়।

২। এমতাবস্থায় শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিষয়টি নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো ঃ

The Ship Breaking and Ship Recycling Rules, 2011 এর বিধি 2(viii) এ Ship Recycler বলতে জাহাজ ভাঙ্গা, জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ এবং এ সংক্রান্ত কার্যক্রমকে সংজ্ঞায়িত করা হয়েছে। সুতরাং, Ship Reyclers, সমন্বয়ে গঠিত এক বা একাধিক সংগঠন 'Trade Body' হিসেবে গণ্য হবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার ঘোষিত জাহাজ ভাঙ্গা ও পুনঃপ্রক্রিয়াজাতকরণ এলাকায় স্থিত ন্যূনতম এক-তৃতীয়াংশ Ship Recycler সমন্বয়ে এরূপ Trade Body গঠিত হবে।

৩। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ইয়াসমিন সুলতানা**
উপ-সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃঙ্খলা-১ শাখা

### আদেশ

তারিখ, ২৭ চৈত্র ১৪১৯/১০ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৫.২০১২-৪০৫**—যেহেতু ডাঃ বেগম ফেরদৌস আরা (৩৪৯০৭), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা-তে কানাডায় পিএইচডি কোর্স সম্পন্ন করার জন্য ০১-০৯-২০০৩ তারিখ পরবর্তী ০১(এক) বছরের জন্য প্রেষণ মঞ্জুর করা হয়। পরবর্তীতে অসুস্থতার জন্য তাঁকে ০১-০৯-২০০৪ তারিখ হতে ৩১-১২-২০০৬ তারিখ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। তিনি উক্ত ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং গত ০৫-১১-২০১১ তারিখে পুনরায় ৩০-০৫-২০১২ তারিখ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটির আবেদন করে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি ৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তার চাকুরী অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু. বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ বেগম ফেরদৌস আরা (৩৪৯০৭), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি, বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা-এর চাকুরি অবসান (Ceased) করা হল। এ আদেশ ডাঃ বেগম ফেরদৌস আরা (৩৪৯০৭), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা-এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হওয়ার পরদিন ০১-০৯-২০০৮ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

### আদেশাবলী

তারিখ, ২৭ মার্চ ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১৫৪.২০১২-৩৫২**—যেহেতু, ডাঃ মোহাম্মদ মোমিন উদ্দিন চৌধুরী (কোড নং ১২২৯৮০), মেডিকেল অফিসার, ভাদেশ্বর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গোলাপগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬-০১-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে সেহেতু, ডাঃ মোহাম্মদ মোমিন উদ্দিন চৌধুরী (কোড নং ১২২৯৮০), মেডিকেল অফিসার, ভাদেশ্বর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গোলাপগঞ্জ, সিলেট-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানিকালে তাঁর বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮২.২০১২-৩৫৩**—যেহেতু, ডাঃ শেখ আমিরুল ইসলাম (১২৪৩৬৪), সহকারী সার্জন, গাবুরা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, শ্যামনগর, সাতক্ষীরা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২০-০৩-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানির সময় তিনি জানান যে, চাকুরীতে যোগদানের পূর্ব থেকে তিনি এমএস (ইউরোলজি) কোর্স করে আসছিলেন এবং তা অব্যাহত রাখতে গিয়ে তিনি অধ্যয়নরত ছিলেন। তিনি ছুটির আবেদন করেছিলেন কিন্তু আবেদন পরবর্তীতে মঞ্জুর হয়নি যার ফলে তার অনুপস্থিতি অননুমোদিত হয়ে গিয়েছে;

এক্ষণে সেহেতু, ডাঃ শেখ আমিরুল ইসলাম (১২৪৩৬৪), সহকারী সার্জন, গাবুরা ইউনিয়ন, উপ-স্বাস্থ্য কেন্দ্র, শ্যামনগর সাতক্ষীরা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানিকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি এজন্য বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

**নং ৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.০৩৮.২০১২-৩৫৫**—যেহেতু, ডাঃ মোহাম্মদ ঈসা চৌধুরী (১১৪৯১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত প্রভাষক, ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৪-১১-২০১২ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে সেহেতু, ডাঃ মোহাম্মদ ঈসা চৌধুরী (১১৪৯১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত প্রভাষক, ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানিকালে তাঁর বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধির আদেশ জারির তারিখ হতে পরবর্তী ২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি এজন্য বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**আদেশ**

তারিখ, ১৩ চৈত্র ১৪১৯/২৭ মার্চ ২০১৩

**নং স্বাপকম/শৃংখলা-১/১-১৩২-২০০৪-৩৬২**—যেহেতু, মিসেস আয়শা পারভীন, নক্সাকার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর বিভাগ, ফরিদপুর (প্রাক্তন সিএমএমইউ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা তরে তাকে সরকারি চাকুরি হতে কেন অপসারণ করা হবে না এই মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ না করে বিভাগীয় মামলায় মিসেস আয়শা পারভীনকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে মতামত প্রদান করে;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এবং ৪(৩)(ডি) বিধি মোতাবেক মিসেস আয়শা পারভীন, নক্সাকার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর বিভাগ, ফরিদপুর-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১০-০৫-২০০১ হতে সরকারি চাকুররি হতে বরখাস্ত করা হল।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

## আদেশাবলী

তারিখ, ৩১ মার্চ ২০১৩

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.২৭৮.২০১২-৩৭৭**—যেহেতু, ডাঃ নিঘাত সুলতানা (১১১৮০৬), সহকারী সার্জন, বিলাশপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, দোহার, ঢাকা, প্রেষণে মেডিকেল অফিসার, রায়ের বাজার জিওডি, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৮-০৩-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ৩০-০৬-২০১১ তারিখ পর্যন্ত এফসিপিএস (২য় পর্ব) সম্পন্ন করার জন্য প্রেষণে ছিলেন। ০১-০৭-২০১১ থেকে আরো ০৬ (ছয়) মাস শিক্ষাছুটির জন্য আবেদন করেছিলেন। আবেদন মঞ্জুর হবে এই আশায় তিনি অধ্যায়ন অব্যাহত রাখেন। কিন্তু কর্তৃপক্ষ পরবর্তীতে আবেদন মঞ্জুর করেননি। এদিকে তিনি পরবর্তী পদায়নের জন্য ২৮-১২-২০১১ তারিখে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরে আবেদন করেন। স্বাস্থ্য অধিদপ্তর হতে ০২-০৪-২০১২ তারিখে তার পদায়ন আদেশ জারী করা হয়;

এক্ষণে সেহেতু, ডাঃ নিঘাত সুলতানা (১১১৮০৬), সহকারী সার্জন, বিলাশপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, দোহার, ঢাকা, প্রেষণে মেডিকেল অফিসার, রায়ের বাজার জিওডি, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (এ) বিধি মতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

তারিখ, ২ জ্যৈষ্ঠ ১৪১৯/১৫ এপ্রিল ২০১৩

**নং স্বাপকম/শৃংখলা-১/১-১২৪/২০০৪-৩৯৫**—যেহেতু, ডাঃ বোরহান উদ্দিন আহমেদ (৩২৪৭৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), সদর হাসপাতাল, পঞ্চগড়)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করা হয়;

এক্ষণে সেহেতু, ডাঃ বোরহান উদ্দিন আহমেদ (৩২৪৭৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), সদর হাসপাতাল, পঞ্চগড়)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৩.২০১২-৩৯৮**—যেহেতু, ডাঃ রোকসানা আক্তার (১২০২৯১), সহকারী সার্জন, ইলুহার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বানারীপাড়া, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৯-০৭-২০১২ তারিখ তার ব্যক্তিগত শুনানী গহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করা হয়;

এক্ষণে সেহেতু, ডাঃ রোকসানা আক্তার (১২০২৯১), সহকারী সার্জন, ইলুহার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার ক্যলাণ কেন্দ্র, বানারীপাড়া, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ, ২১ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.০২৪.২০১৩-৪২৫**—যেহেতু, ডাঃ শারমিন হোসেন (১১৪৩৩৯), জুনিয়র কনসালটেন্ট (গাইনী) ও বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৭-০৪-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তার প্রতিবন্ধি সন্তানের সমস্যার কারণে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে পারেননি;

এক্ষণে সেহেতু, ডাঃ শারমিন হোসেন (১১৪৩৩৯), জুনিয়র কনসালটেন্ট (গাইনী) ও বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৩--৪২৭**—যেহেতু, ডাঃ মোহাম্মদ মাহফুজ মিয়া (১০১৪৪৪৫), সহকারী সার্জন, লুটেরচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মেঘনা, কুমিল্লা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৬-০৪-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, শারীরিক অসুস্থতার জন্য তিনি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এ সম্পর্কে তিনি ডাক্তারী সনদপত্র দাখিল করেন। দীর্ঘদিন অনুপস্থিতির জন্য ডাক্তারী সনদ যথেষ্ট নয়। এক্ষেত্রে মেডিকেল বোর্ড গঠন ও তার মতামত প্রয়োজন। কিন্তু তা করা হয়নি;

এক্ষণে সেহেতু, ডাঃ মোহাম্মদ মাহফুজ মিয়া (১০১৪৪৪৫), সহকারী সার্জন, লুটেরচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মেঘনা, কুমিল্লা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ২১ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০৭০.২০১৩-১৫৬**—যেহেতু, ডাঃ মুহাম্মদ মোরশেদ আলম (১২৫৪৩৩), সহকারী সার্জন, পরমেশ্বরদী ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালমারী, ফরিদপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১১-০৪-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তার ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে সেহেতু, ডাঃ মুহাম্মদ মোরশেদ আলম (১২৫৪৩৩), সহকারী সার্জন, পরমেশ্বরদী ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালমারী, ফরিদপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তার ১টি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থের্কে ০১(এক) বছর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০৭১.২০১৩-১৫৭**—যেহেতু, ডাঃ খায়রুল আলম বাসার (১২৪০৯৬), মেডিকের অফিসার (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মিঠামইন, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১১-০৪-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

এক্ষণে সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনাপূর্বক ডাঃ খায়রুল আলম বাসার (১২৪০৯৬), মেডিকের অফিসার (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মিঠামইন, কিশোরগঞ্জকে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৮.২০১০-১৬০**—যেহেতু জনাব চয়ন কুমার সেনগুপ্ত, সহকারী পরিচালক (পরিবহন), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতে, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শণোর নোটিশের জবাব প্রদান করেন এবং ৩১-০৩-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা করা হয়। তার ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু জনাব চয়ন কুমার সেনগুপ্ত, সহকারী পরিচালক (পরিবহন), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শনো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাকে তিরস্কার (Censure) করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**পার-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ মে ২০১৩

**নং ৪৫.১৪৩.১১৬.০০.০০.০০১.২০১৩-৮২৩**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৪-০৩-২০১৩ তারিখের ৪৫.১৪৩.১১৬.০০.০০.০০১.২০১৩-১৮৩ প্রজ্ঞাপনে ডাঃ মেজবাহুল বাহার (১১২৫৭৮), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) সিনিয়র কনসালটেন্ট (সার্জারী) পদের বিপরীতে জেনারেল হাসপাতাল, মুন্সিগঞ্জ ও সিভিল সার্জন (ভারপ্রাপ্ত), মুন্সিগঞ্জ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহারপূর্বক তার সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
উপসচিব (পার-২)।

**পার-৩ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ৮ এপ্রিল ২০১৩

**নং ৪৫.১৪৪.১৩০.০০.০০.০০৮.২০১১-২১১**—যেহেতু, ডাঃ মহাম্মদ আমিনুল ইসলাম (কোড নং-১২১৮৬১), সহকারী সার্জন (এডহক), গাছুয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সন্দীপ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ উত্থাপিত হয়েছে, যা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের সামিল; এবং

যেহেতু, ডাঃ মহাম্মদ আমিনুল ইসলাম (কোড নং-১২১৮৬১), সহকারী সার্জন (এডহক), গাছুয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সন্দীপ, চট্টগ্রাম-কে কর্মরত রাখা হলে অফিস শৃংখলা ভঙ্গ হতে পারে এবং অফিসের ভাবমুর্তি ক্ষুণ্ন হবার সমূহ সম্ভাবনা রয়েছে;

এক্ষণে সেহেতু, তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক সাময়িক বরখাস্ত করা হল;

প্রচলিত নিয়ম মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**জনস্বাস্থ্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ এপ্রিল ২০১৩

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮/৯৫**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৩-০৬-২০১২ তারিখের ১২৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটি সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**সসদ্যবৃন্দ**

(২) মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।

(৩) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৪) কনসালটেন্ট ফিজিশিয়ান, জেনারেল আর্মড ফোর্সেস মেডিকেল সার্ভিসেস।

(৫) ডীন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৬) বিএসএমএমইউ-এর প্রতিনিধি (ডীনের নিচে নয়)।

(৭) বিভাগীয় প্রধান, ফার্মেসী প্রযুক্তি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৮) বিভাগীয় প্রধান, ফার্মাকোলজী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ।

(৯) অধ্যাপক মোঃ আজিজুল কাহ্‌হার, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(১০) স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি (পরিচালক পদের নীচে নয়)।

(১১) প্রতিনিধি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।

(১২) ভ্যাকসিন বিশেষজ্ঞ, আই,সি,ডি,ডি,আর,বি।

(১৩) প্রতিনিধি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন।

(১৪) প্রতিনিধি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি।

(১৫) প্রতিনিধি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি।

(১৬) সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, জেনারেল ফার্মাসিউটিক্যালস্ লিঃ।

(১৭) মহা-সচিব, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ লিঃ।

(১৮) প্রতিনিধি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল ইম্পোর্টার্স এসোসিয়েশন।

**সসদ্য-সচিব**

(১৯) পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**২। কমিটির কার্যপরিধি ঃ**

(১) নতুন ঔষধ (New Drug) এবং প্রচলিত ঔষধের নতুন আকার (New Dosage Forms) ও মাত্রায় (New Strength) ঔষধসমূহের রেজিস্ট্রেশন সম্পর্কে মতামত প্রদান;

(২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত ঔষধ নিয়ন্ত্রণ কমিটিকে সার্বিক টেকনিক্যাল বিষয়ে সহায়তা প্রদান; এবং

(৩) ঔষধ সম্পর্কিত আইন/অধ্যাদেশের অধীনে প্রণীত বিধির আওতায় বিজ্ঞাপিত বিষয় সম্পর্কে সুপারিশ/মতামত প্রদান।

৩। জনস্বার্থে এ কমিটি পুনর্গঠন করা হল এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতেমা রহিম ভীনা**
উপ-সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ এপ্রিল ২০১৩

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-২)/৯৯**—Adverse Drug Reaction Advisory Committee (ADRAC) গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩১-০১-১৯৯৯ তারিখে জনস্বাস্থ্য-১/ঔষধ-১০/৯৬/৩৪ সংখ্যক প্রজ্ঞাপনটি সংশোনপূর্বক সারাদেশে ঔষধের বিরূপ প্রতিক্রিয়া নির্ণয়, মূল্যায়ন ও পরীবিক্ষণ করার জন্য নিম্নোক্তভাবে ADRAC পুনর্গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

(৩) পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

(৪) পরিচালক (প্রাইমারী হেলথ কেয়ার), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

(৫) ডীন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৬) অধ্যাপক, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

(৭) অধ্যাপক, ফার্মাকোলজী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।

(৮) অধ্যাপক, চর্ম ও যৌন বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ, ঢাকা।

(৯) অধ্যাপক, প্যাথলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

(১০) সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (উপ-সচিবের নীচে নয়)।

(১১) শিশু বিশেষজ্ঞ, শিশু হাসপাতাল, ঢাকা।

(১২) প্রতিনিধি, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ), ঢাকা।

(১৩) প্রতিনিধি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস্ সোসাইটি (বিপিএস), ঢাকা।

(১৪) প্রতিনিধি, আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(১৫) প্রতিনিধি, বাংলাদেশ কনজুমার্স এসোসিয়েশন (ক্যাব), ঢাকা।

**সসদ্য-সচিব**

(১৬) উপ-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

1. The Committee shall recommend to Ministry of Health & Family Welfare (MOHFW) to setup a programme on ADRs with the purpose of collection and providing information on ADRs and stimulating all health professionals of cautions in using drugs.
2. The Committee shall develop and review the mechanism of collection ADRs information & strategy of compilation.
3. The Committee shall evaluate, analyse and make recommendations to the licensing authority for drugs for necessary regulatory actions and formulating informations for the health professionals.
4. The Committee shall also assess whether a causal relationship exists between the drugs and the reaction reported.
5. The Committee shall meet on every alternate month in the office of Directorate General of Drug Administration (DGDA).

৩। জনস্বার্থে এ কমিটি গঠন করা হল এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

**ফাতেমা রহিম ভীনা**
উপ-সচিব।

**হাসপাতাল-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ মে ২০১৩

